# আপনার অধিকারসমূহ

## জাতিসংঘের কর্মী বা সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা সংঘটিত যৌন শোষণ বা নির্যাতনের ভুক্তভোগী হিসাবে

United Nations
Office of the Victims' Rights Advocate

২০২৩

# আপনার অধিকারসমূহ

## জাতিসংঘের কর্মী বা সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা সংঘটিত যৌন শোষণ বা নির্যাতনের ভুক্তভোগী হিসাবে

আপনি যদি জাতিসংঘের স্টাফ বা সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা যৌন শোষণ বা নির্যাতনের শিকার হন, তাহলে জাতিসংঘ থেকে সহায়তা এবং সমর্থন চাওয়ার অধিকার আপনার আছে। জাতিসংঘের নিয়ম অনুযায়ী, আপনি যদি ১৮ বছর বয়সের কম থাকাকালীন কোনো যৌন ক্রিয়ায় জড়িত হন বা তার শিকার হন, তবে আপনি যৌন নির্যাতনের শিকার। যদি এই ধরনের কোনো অপকর্মের চেষ্টা করা হয়, তবে আপনি যৌন নির্যাতনের শিকার হয়েছেন বলে গণ্য হবে।

আপনি যৌন শোষণের শিকার হবেন যদি জাতিসংঘের স্টাফ বা সংশ্লিষ্ট কর্মীদের সাথে যৌন ক্রিয়ায় জড়িত হওয়ার বিনিময়ে আপনাকে টাকা, খাবার বা অন্য কোনো সুবিধা, যেমন বসবাসের স্থান বা চাকরির প্রতিশ্রুতি দেওয়া হয়।

যদি আপনি যৌন শোষণ বা নির্যাতনের শিকার হয়ে থাকেন, জাতিসংঘ আপনাকে প্রয়োজনীয় এবং আপনি যেসব সহায়তা চান তা পেতে সাহায্য করবে, যার মধ্যে চিকিৎসা সেবা অন্তর্ভুক্ত।

এছাড়াও, আপনি চাইলে জাতিসংঘ আপনাকে আইনি সেবাসমূহ খুঁজে বের করতে সহায়তা করবে।

যৌন শোষণ এবং নির্যাতন জাতিসংঘের সমস্ত স্টাফ এবং সংশ্লিষ্ট কর্মীদের জন্য নিষিদ্ধ।

এই ধরনের কার্যকলাপ যেকোনো পরিস্থিতিতেই গ্রহণযোগ্য নয়। জাতিসংঘ যৌন শোষণ বা নির্যাতনের অভিযোগ তদন্ত করবে। জাতিসংঘ অপরাধীকে দায়বদ্ধ রাখার জন্য সর্বোচ্চ চেষ্টা করবে। এর মধ্যে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ শাস্তিমূলক ব্যবস্থা বা সদস্য রাষ্ট্রগুলোর সাথে সহযোগিতা অন্তর্ভুক্ত থাকতে পারে।

এই ডকুমেন্টটি আপনার অধিকারগুলি এবং জাতিসংঘ কিভাবে আপনাকে সহায়তা করবে তা বর্ণনা করে।

**জাতিসংঘের নির্দেশনামূলক নীতিসমূহ:**

আপনার অধিকার, প্রয়োজন, নিরাপত্তা এবং মর্যাদা সর্বাধিক অগ্রাধিকারের বিষয়।

যৌন শোষণ বা নির্যাতনের ফলে আপনি যে ক্ষতির সম্মুখীন হয়েছেন তার জন্য, দায়ী না হওয়ার অধিকার আপনার আছে।

আপনি যাতে সুস্থ হয়ে এই অবস্থা কাটিয়ে উঠতে পারেন সে জন্য আপনাকে সহায়তা প্রদান করা হবে।

জাতি, শ্রেণী, বর্ণ,
ধর্ম, বিশ্বাস, লিঙ্গ, ভাষা, যৌন/ লিঙ্গ পরিচয়, বয়স, স্বাস্থ্য, অক্ষমতা, বাসস্থানের ধরণ বা অন্য কোন কারণে আপনার প্রতি বৈষম্যমূলক আচরণ করা হবে না।

**যৌন শোষণ বা নির্যাতনের ভুক্তভোগী হিসেবে আপনার অধিকারসমূহ:**



# ১. সম্মানজনক আচরণ পাওয়ার অধিকার

**ক.** আপনার সাথে সৌজন্য, সহানুভূতি, পেশাদারিত্ব এবং ন্যায্যতার সাথে আচরণ করা হবে।

**খ.** আপনার সংস্কৃতি, মূল্যবোধ এবং মতামতকে সম্মান করা হবে। আপনার ব্যক্তিগত চাহিদা এবং পছন্দকে অগ্রাধিকার দেয়া হবে।



# ২. সহায়তা এবং সমর্থন পাওয়ার অধিকার

**ক.** আপনার ব্যক্তিগত চাহিদা অনুযায়ী সহায়তা এবং সমর্থন পাওয়ার অধিকার আপনার আছে।

**খ.** আপনি সহায়তা এবং সমর্থন পাবেন কিনা বা কীভাবে পাবেন তা তদন্তের সময় আপনার সহযোগিতার উপর নির্ভর করবে না।

**গ.** যদি আপনার প্রয়োজন হয় এবং আপনি চান, তবে জাতিসংঘ আপনাকে জরুরী সহায়তা যেমন, চিকিৎসা সেবা, যৌন ও প্রজনন স্বাস্থ্য, মনস্তাত্ত্বিক সহায়তা, জীবিকা এবং মৌলিক সহায়তা যেমন খাদ্য, পোশাক, পরিবহন এবং নিরাপদ আশ্রয় পেতে সহায়তা করবে।

**ঘ.** যদি আপনার প্রয়োজন হয় এবং আপনি চান তবে জাতিসংঘ আপনাকে দীর্ঘমেয়াদী সহায়তা যেমন সার্বিক স্বাস্থ্যসেবা, মনস্তাত্ত্বিক সহায়তা, আইনি সহায়তার, জীবিকা সহায়তা এবং দক্ষতা প্রশিক্ষণ পেতে সহায়তা করবে।

**ঙ.** সাহায্য সহযোগিতা পাবার ক্ষেত্রে আপনার মানসিক সমর্থন এবং আপনার ইচ্ছা ও সর্বোত্তম স্বার্থ প্রাধান্য দিয়ে একজন বিশ্বস্ত মানুষকে  সাথে  রাখার অধিকার আপনার রয়েছে।

**চ.** যদি আপনার বয়স ১৮ বছরের কম হয়, তাহলে আপনাকে প্রদত্ত যেকোনো সহায়তা বা সেবা আপনার বয়স এবং ব্যক্তিগত চাহিদার কথা বিবেচনা করে প্রদান করা হবে, উদাহরণস্বরূপ, স্কুলে পুনরায় ভর্তি করানো।

**ছ.** আপনার যেকোনো সময় যেকোনো ধরনের সহায়তা বা সমর্থন প্রত্যাখ্যান করার অধিকার রয়েছে, এমনকি আপনি গ্রহণ করা শুরু করার পরেও। এই ধরনের সিদ্ধান্ত আপনাকে পরবর্তী পর্যায়ে একই সহায়তা অনুরোধ করাতে এবং গ্রহণ করা থেকেও বাধা দেবে না।



# ৩. ন্যায়বিচার এবং জবাবদিহিতার অধিকার

**ক.** জাতিসংঘের স্টাফ বা সংশ্লিষ্ট কর্মীদের দ্বারা যৌন শোষণ বা নির্যাতনের অভিযোগ দায়ের করার অধিকার আপনার রয়েছে। জাতিসংঘের দায়িত্ব হলো আপনার অভিযোগ তদন্ত করা।

**খ.** আপনি যে ক্ষতির শিকার হয়েছেন তার জন্য ফৌজদারি এবং দেওয়ানি প্রক্রিয়াসহ প্রশাসনিক, শাস্তিমূলক  এবং নন জুডিশিয়াল ব্যবস্থাগুলির মাধ্যমে ন্যায়বিচার এবং জবাবদিহিতা পাওয়ার অধিকার আপনার রয়েছে।

**গ.** আপনি যদি চান, জাতিসংঘ আপনাকে বিচারব্যবস্থায় আইনি সহায়তা পাওয়া সহ ন্যায়বিচার এবং জবাবদিহিতা সর্বোত্তমভাবে পাওয়া যায় সে সম্পর্কে তথ্য পেতে সহায়তা করবে।

**ঘ.** যৌন শোষণ বা নির্যাতনের ফলে যদি আপনার কোনো সন্তান জন্মগ্রহণ করে, সেক্ষেত্রে আপনি চাইলে জাতিসংঘ আপনাকে পিতৃত্ব সম্পর্কিত দাবির জন্য তথ্য এবং আইনি সহায়তা পেতে সহায়তা করবে।



# ৪. জাতিসংঘের প্রক্রিয়াগুলিতে কতটা সম্পৃক্ত হতে চান তা সিদ্ধান্ত নেওয়ার অধিকার

**ক.** আপনি সিদ্ধান্ত নেওয়ার অধিকার রাখেন যে আপনি জাতিসংঘের যে কোনো প্রক্রিয়া এবং কার্যক্রমে অংশগ্রহণ করবেন কি না, বিশেষ করে আপনি যদি যৌন শোষণ ও নির্যাতনের ভুক্তভোগী হন।

**খ.** আপনি যদি তদন্তের কোনো পর্যায়ে অংশগ্রহণ না করার বা সহযোগিতা না করার সিদ্ধান্ত নেন, তবে এই সিদ্ধান্তটি তদন্তের ফলাফলে প্রভাব ফেলতে পারে, যার মধ্যে অপরাধীকে দায়বদ্ধ করা হবে কি না সেই বিষয়টিও অন্তর্ভুক্ত।



# ৫. তথ্য পাওয়ার অধিকার

**ক.** যৌন শোষণ বা নির্যাতনের ঘটনার রিপোর্টিং প্রক্রিয়া এবং পদ্ধতি সম্পর্কে যত তাড়াতাড়ি সম্ভব অবহিত হওয়ার অধিকার আপনার রয়েছে।

**খ.** আপনাকে সহায়তা করার জন্য  সমস্ত পরিষেবার বিষয়ে তথ্য পাওয়ার অধিকার আপনার রয়েছে। যদি যৌন শোষণ বা নির্যাতনের ফলে আপনার কোনও সন্তান জন্মগ্রহণ করে, তবে এর মধ্যে পিতৃত্ব সম্পর্কিত দাবি, শিশু সহায়তার দাবি এবং আপনার সন্তানের অন্যান্য অধিকার সম্পর্কে তথ্য অন্তর্ভুক্ত থাকবে।

**গ.** তদন্ত প্রক্রিয়া চলমান অবস্থা এবং অন্য কার্যক্রম সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে। তদন্ত এবং যেকোনো কার্যক্রমে আপনার ভূমিকা এবং অংশগ্রহণের ক্ষেত্রে আপনার পছন্দগুলি সম্পর্কে অবহিত হওয়ার অধিকারও আপনার রয়েছে। জাতিসংঘ আপনাকে এই তথ্য প্রাপ্তিতে এবং তথ্য বোঝাতে সম্পূর্ণরূপে  সহায়তা করবে।

**ঘ.** আপনি বুঝতে পারবেন এমন ভাষায় যাতে তথ্য সরবরাহ করা হয় সে অনুরোধ আপনি করতে পারবেন। অবশ্যই আপনার বোধগম্যতা, আপনার ব্যক্তিগত পরিস্থিতি যেমন শ্রবণ, দৃষ্টিশক্তি বা বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধকতা বিবেচনায় রাখা হবে।  যদি আপনার বয়স ১৮ বছরের কম হয়, তাহলে আপনার বয়স বিবেচনা করে তথ্য প্রাপ্তির অধিকার আপনার রয়েছে।



# ৬. শোনার অধিকার

**ক.** এই অধিকারগুলির সাথে সম্পর্কিত যেকোনো বিষয়ে মতামত প্রকাশ করার এবং শোনা ও বোঝার অধিকার আপনার রয়েছে। আপনার চাহিদাগুলি চিহ্নিত করার অধিকারও আপনি রাখেন। জাতিসংঘ আপনার নিরাপত্তা, মর্যাদা বা মঙ্গল কিংবা আপনার নিকটজনদের উপর প্রভাব ফেলতে পারে এমন যেকোনো সিদ্ধান্ত বা পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে আপনার কথা বিবেচনায় নেবে।

**খ.** আপনার মানসিক এবং বাস্তবিক অবস্থা বিবেচনা করে আপনার ইচ্ছা ও সর্বোচ্চ স্বার্থ বজায় রেখে, যেকোনো তদন্ত কার্যক্রম, সাক্ষাৎকার এবং মিটিংয়ে আপনার বিশ্বাসযোগ্য একজন ব্যক্তিকে সাথে রাখবার অধিকার আপনার রয়েছে। কিছু পরিস্থিতিতে আপনার সাথে একজন আইনি প্রতিনিধিও থাকতে পারেন।

**গ.** আপনার ব্যক্তিগত চাহিদা ও অবস্থার যে অধিকার আপনার রয়েছে তা বিবেচনায় নেয়া হবে। আপনার বয়স যদি ১৮ বছরের কম হয়, সেক্ষেত্রে আপনার বয়সের সাথে সামঞ্জস্যপূর্ণ যেকোনো তদন্ত প্রক্রিয়া, সাক্ষাৎকার কিংবা মিটিংয়ের অধিকার আপনার রয়েছে। পুরো প্রক্রিয়ায়, সাক্ষাৎকারে কিংবা মিটিংয়ে আপনি বিশ্বাস করতে পারেন এমন মানুষ যেন থাকে এই অধিকারও আপনার আছে।

**ঘ.** অন্য ভুক্তভোগীদের সাথে যুক্ত হওয়া এবং সংগঠিত হওয়ার অধিকার আপনার রয়েছে যদি অন্য ভুক্তভোগীদেরও একই ইচ্ছা থাকে।



# ৭. ব্যক্তিগত গোপনীয়তার অধিকার

**ক.** আপনার পরিস্থিতি সম্পর্কে জাতিসংঘকে কী তথ্য প্রদান করবেন তা সিদ্ধান্ত নেওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি কোনো তথ্য দিতে নাও চাইতে পারেন, অথবা আপনি তথ্য প্রদান করা বন্ধ করতেও পারেন। সেক্ষেত্রে এটি তদন্তের ব্যাপ্তি কিংবা ফলাফলের উপর প্রভাব ফেলতে পারে।

**খ.** আপনার গোপনীয়তার অধিকার রয়েছে, তবে যদি আপনি কোন তথ্য প্রদান করেন যা আপনার পরিচয় প্রকাশ করতে পারে, তাহলে এটি জাতিসংঘের সেইসব সদস্যের কাছে পৌঁছানো হতে পারে যাতে করে তারা অপরাধীকে জবাবদিহিতার মুখোমুখি করতে পারেন। জাতিসংঘের বাইরের কারো কাছে আপনার কোন প্রকার তথ্য যাতে প্রদান করা না হয় এজন্য অনুরোধ করার অধিকার আপনার রয়েছে।

**গ.** আপনি যে কোনো তথ্য প্রদানের সিদ্ধান্ত নিলে সেই তথ্য ব্যবহারের উদ্দেশ্য এবং যার কাছে এই তথ্য প্রকাশ করা হতে পারে, তার সম্পর্কে জানার অধিকার আপনার রয়েছে। আপনাকে অবহিত করা উচিত যে তথ্য গোপন রাখার সিদ্ধান্ত তদন্তের পরিধিকে সীমিত করতে পারে, যার মধ্যে অপরাধীকে দায়বদ্ধ করার সম্ভাবনাও অন্তর্ভুক্ত রয়েছে। তথ্য প্রদান না করার সিদ্ধান্ত আপনার সহায়তা ও সমর্থন পাওয়ার অধিকারকে প্রভাবিত করবে না।

**ঘ.** আপনার অভিযোগের কারণে আপনার এবং আপনার নিকটজনদের নিরাপত্তার উপর যেকোনো সম্ভাব্য প্রভাব সম্পর্কিত জাতিসংঘের মূল্যায়ন সম্পর্কে আপনাকে যেন অবহিত করা হয় সেই অধিকার আপনার রয়েছে।



# ৮. সুরক্ষিত থাকার অধিকার

**ক.** আপনাকে নিরাপদ রাখা জাতিসংঘের জন্য সর্বোচ্চ অগ্রাধিকার।

রিপোর্ট করার কারণে আপনি, আপনার নিকটজন কিংবা আপনার সাক্ষীরা যদি কোনো ধরনের হয়রানি, আক্রোশ কিংবা প্রতিশোধপরায়নতার সম্মুখীন হন তবে এমন ঘটনা অগ্রহণযোগ্য।

আপনি যদি এমন ঘটনা রিপোর্ট করেন জাতিসংঘ আপনার শারীরিক নিরাপত্তা নিশ্চিত করতে এবং পরবর্তীতে মানসিক অবসাদ কিংবা অতিরিক্ত অপরাধবোধে ভোগা রোধ করতে আপনার পছন্দমত রাষ্ট্রীয় কর্তৃপক্ষ বা বেসরকারী সংস্থার সাথে মিলে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে।

**খ.** জাতিসংঘ যে কোনো প্রক্রিয়া বা কার্যক্রম চলাকালীন অপরাধীর সাথে আপনার যেকোনো যোগাযোগ থেকে আপনাকে রক্ষা করার জন্য সম্ভাব্য সকল ব্যবস্থা গ্রহণ করবে।

**গ.** জাতীয় পর্যায়ে আইনি প্রক্রিয়ায় সুরক্ষা নিশ্চিত করার জন্য জাতিসংঘ সদস্য রাষ্ট্রগুলোকে সহযোগিতা করবে।



# ৯. প্রতিকার পাওয়ার অধিকার

**ক.** অপরাধী নিজেই যৌন শোষণ ও নির্যাতনের জন্য দায়ী। আপনি তাদের কাছ থেকে প্রতিকার চাওয়ার অধিকার রাখেন যাতে আপনার ভোগান্তি স্বীকার করে এবং তা কাটিয়ে উঠতে সহায়তা করে।

প্রতিকার নির্ভর করছে যে দেশে তদন্ত হচ্ছে সেই দেশের আইন অনুযায়ী।, সেক্ষেত্রে আর্থিক ক্ষতিপূরণ, শারীরিক কিংবা মানসিক পুনর্বাসন, বস্তুগত সহায়তা, ক্ষমা প্রার্থনা কিংবা এই ভুলের যাতে পুনরাবৃত্তি না হয় তা নিশ্চিতকরণ প্রতিকারের অন্তর্ভূক্ত হতে পারে।

**খ.** যৌন শোষণ বা নির্যাতনের ফলে জন্ম নেওয়া সন্তানের পিতৃত্ব প্রমাণিত হলে, আপনি পিতার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার অধিকার রাখেন এবং তাকে তার পিতৃত্বের দায়িত্ব গ্রহণ করতে বাধ্য করা যাবে, যার মধ্যে জাতীয় আইনের অধীনে সন্তানের ভরণপোষণ প্রদানও অন্তর্ভুক্ত। আপনার সন্তান পিতার জাতীয়তা বা নাগরিকত্বের মতো আরও অধিকার দাবি করতে পারে। জাতিসংঘ আপনাকে এই প্রক্রিয়াগুলিতে সহায়তা করবে এবং এই দাবির ন্যায়সঙ্গত সমাধান সহজতর করার জন্য সংশ্লিষ্ট রাষ্ট্রের সাথে কাজ করবে।



# ১০. আপনার প্রাপ্ত সেবা সম্পর্কে অভিযোগ করার অধিকার

**ক.** আপনি যদি মনে করেন যে এই ডকুমেন্টে বর্ণিত অধিকারগুলি জাতিসংঘ সম্মান করেনি, তাহলে ভুক্তভোগীর অধিকার সংক্রান্ত কার্যালয়ে অভিযোগ করার অধিকার আপনার রয়েছে। আপনার ইচ্ছার সাথে সঙ্গতি রেখে, আপনার অভিযোগটি বিবেচনা করা হবে এবং এর প্রতিক্রিয়ায় নেওয়া যে কোনও পদক্ষেপের অবস্থা সম্পর্কে আপনাকে অবহিত করা হবে।

**খ.** আপনার অভিযোগের কারণে জাতিসংঘের দ্বারা কোনোরূপ ক্ষতির সম্মুখ হওয়া থেকে আপনি সুরক্ষিত।

Contact the Office of the Victims' Rights Advocate at: ovra@un.org.